

## উপজেলা পরিষদের আইন শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ লোকমান হোসেন।

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ: ১৯/০১/২০২২ খ্রিঃ।

সভার সময় : ১১.৩০ ঘটিকায়।

### সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্রঃ নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ লোকমান হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, মজলিশপুর ইউনিয়ন পরিষদ, সদস্য।	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, সুলতানপুর ইউনিয়ন পরিষদ, সদস্য।	স্বাক্ষরিত
৪	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর, সদস্য।	স্বাক্ষরিত
৫	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর, সদস্য সচিব।	স্বাক্ষরিত

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সদস্য সচিবকে সভার কাজ আরম্ভ করতে অনুরোধ জানান। সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করে এবং কোন রকম সংশোধন না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
আইন শৃংখলা বিষয়ক আলোচনা।	সদস্য সচিব সভাকে জানান যে, আনসার ও ভিডিপি কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর বলেন যে, ব্রাহ্মণবাড়িয়া শহরের পৌর মার্কেটের ভিতর প্রচুর দোকান থাকার কারণে বঙ্গবন্ধুর ম্যুরালের সামনে স্থানীয় ব্যবসায়ীরা বিভিন্ন মালামাল রাখে। সেখানে একটি বেস্টনী করে দেওয়ার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তিনি বলেন, কাউতলী মোড়ে ভিক্ষুকের আনাগোনা বৃদ্ধি পেয়েছে। ভিক্ষুক দূরীকরণের জন্যও তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।  চেয়ারম্যান, মজলিশপুর ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নে বেশ কিছুদিন আগে একটি খুন হয়েছে। খুনের রহস্য খোঁজে বের করে প্রকৃত অপরাধীর বিচারের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।  চেয়ারম্যান সুলতানপুর ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, সুলতানপুর ইউনিয়নের রাধিকা বাজার বিভিন্ন অটোরিক্সা, সিএনজি, রিক্সা অবাধে চলাচলের কারণে যানজট সৃষ্টি হচ্ছে। উক্ত স্থানে আনসার ভিডিপি সদস্য মোতায়ন করে যানজট কিছুটা হলেও কমবে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	সভায় ব্রাহ্মণবাড়িয়া শহরের পৌর মার্কেটের সামনে বঙ্গবন্ধু ম্যুরাল এর বেস্টনীর ব্যবস্থা ও ভিক্ষুক দূরীকরণ এর বিষয়ে উপজেলা আইন শৃংখলা কমিটিতে প্রেরণের সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।  মজলিশপুর ইউনিয়নে খুনের রহস্য খুঁজে বের করে প্রকৃত অপরাধীদের শাস্তির ব্যবস্থা গ্রহণের এবং এ বিষয়টি উপজেলা আইন শৃংখলা কমিটিতে প্রস্তাব প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।  জানান যে, রাধিকা বাজারের যানজট নিরসনের বিষয়ে উপজেলা আইন শৃংখলা কমিটির মাধ্যমে, জেলা আইন শৃংখলা কমিটিতে প্রস্তাব প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা  উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, চেয়ারম্যান মজলিশপুর ইউপি ও সংশ্লিষ্ট সকল  উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ লোকমান হোসেন)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা পরিষদের আইন শৃংখলা কমিটি।

সদর উপজেলা, ব্রাহ্মণবাড়িয়া।

সদয় অবগতি ও কার্যার্থে জন্ম:-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ০৩। জনাব লোকমান হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ০৫। চেয়ারম্যান, মজলিশপুর ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।

- ০৬। চেয়ারম্যান, সুলতানপুর, ইউনিয়ন পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।  
০৭। জনাব অ্যাডঃ সুধীর চন্দ্র ঘোষ, পিতা- মহিম চন্দ্র ঘোষ সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া সদর।  
০৮। অফিস কপি।



উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা  
সদস্য সচিব  
উপজেলা পরিষদের আইন শৃংখলা কমিটি।  
সদর উপজেলা, ব্রাহ্মণবাড়িয়া।